# ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ

নিবন্ধন নং ২৩০, তারিখ: ২৩/০৪/২০০৫ খ্রিঃ
সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভিআইপি রোড, ঢাকা-১০০০


স্মারক নং: ডিএমসিএসএল/বিজ্ঞপ্তি/২০২৬/০৮ — তারিখ: ১৯/০৭/২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

**বিষয়: ওয়েবসাইটে সদস্যদের তথ্য হালনাগাদ (প্রোফাইল আপডেট) কার্যক্রম প্রসঙ্গে।**

সূত্র: ১। সোসাইটির ব্যবস্থাপনা কমিটির ৬ষ্ঠ সভার গৃহীত সিদ্ধান্ত; তারিখ: ০২/০৭/২০২৫ খ্রিঃ।
২। সোসাইটির ব্যবস্থাপনা কমিটির ৪৩তম সভার গৃহীত সিদ্ধান্ত; তারিখ: ১৬/০৭/২০২৬ খ্রিঃ।

এতদ্বারা ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ (ডিএমসিএসএল)-এর সম্মানিত সদস্য, বিনিয়োগকারী ও সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১ নং সূত্রে উল্লিখিত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, সদস্যদের সঞ্চয় আমানত গ্রহণ ও অনলাইনে তথ্য হালনাগাদ (প্রোফাইল আপডেট) কার্যক্রম সচল রাখার লক্ষ্যে **বিকাশ** (bKash) ও **নগদ** (Nagad) নম্বর (০১৭২০-৯২৯৩৫৭) সাময়িকভাবে ব্যবহারের অনুমোদন প্রদান করা হয়। এর পরিপ্রেক্ষিতে সদস্যগণ আগস্ট ২০২৫ খ্রিঃ হতে সোসাইটির ওয়েবসাইট (**www.dmcsl.org**) এর মাধ্যমে উক্ত বিকাশ ও নগদ নম্বরে সঞ্চয় আমানত জমা প্রদানপূর্বক অনলাইনে তথ্য হালনাগাদ কার্যক্রম সম্পন্ন করে আসছেন।

পরবর্তীতে, ২ নং সূত্রে উল্লিখিত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, আগামী মঙ্গলবার, ২১/০৭/২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২:০০ ঘটিকা (২০ জুলাই দিবাগত রাত ১২:০০ ঘটিকা) হতে উক্ত বিকাশ ও নগদ নম্বরে সঞ্চয় আমানত গ্রহণ কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে, যেসব সদস্য ইতোমধ্যে বিকাশ বা নগদের মাধ্যমে সঞ্চয় আমানত জমা প্রদান করেছেন কিন্তু এখনও সার্ভার হতে স্বয়ংক্রিয় মানি রিসিটের এসএমএস প্রাপ্ত হন নি, তাঁদের জমা যাচাইপূর্বক অতি শীঘ্রই নিশ্চিতকরণ (Confirmation) সম্পন্ন করা হবে। এছাড়া, সোসাইটির নির্ধারিত ব্যাংক হিসাবের মাধ্যমে অনলাইনে অর্থ প্রেরণ করে প্রোফাইল হালনাগাদ কার্যক্রম পূর্বের ন্যায় সম্পন্ন করা যাবে।

অতএব, **পরবর্তী নির্দেশনা জারি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট সকলকে উপর্যুক্ত বিকাশ ও নগদ নম্বরে সঞ্চয় আমানত জমা প্রদান থেকে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।**

19.07.2026

(মোঃ মাহাবুব আলম মুন)
নির্বাহী কর্মকর্তা
ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ

স্মারক নং: ডিএমসিএসএল/বিজ্ঞপ্তি/২০২৬/০৮/১৮ — তারিখ: ১৯/০৭/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সভাপতি/সহ-সভাপতি/সম্পাদক/যুগ্ম-সম্পাদক/কোষাধ্যক্ষ/সদস্য, ব্যবস্থাপনা কমিটি, ডিএমসিএসএল;
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিএমসিএসএল;
০৩। উপদেষ্টা, লিগ্যাল অ্যান্ড সোসাইটি অ্যাফেয়ার্স, ডিএমসিএসএল;
০৪। অ্যাডমিন, সোসাইটির ওয়েবসাইট;
০৫। অ্যাডমিন, সোসাইটির ফেইসবুক পেইজ;
০৬। কার্যালয়ের নোটিশ বোর্ড;
০৭। অফিস কপি।